# উপজেলা পরিষদ কার্যালয়
## সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ২৮ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
তারিখ : ১২-০৮-২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায়।
স্থান : Zoom Application এর মাধ্যমে সকল সদস্য সংযুক্ত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

আলোচনা ০১:- বিগত সভার কার্যবিবরনী দৃঢ়ীকরণ :- শোকাবহ আগস্ট মাসে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব, শেখ কামাল, শেখ জামাল, শেখ রাসেল সহ ১৫ ই আগস্ট ১৯৭৫ সালে নিহত সকল শহীদের গভীর শ্রদ্ধা জানিয়ে সভাপতি Zoom Application এর মাধ্যমে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি শোকাবহ আগস্ট মাসের তাৎপর্য উপস্থাপন করেন।অতপর গত সভার কার্যবিবরনী আংশিক সংশোধন করত দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগস্ট মাস শোকের মাস, মাসব্যাপী বিভিন্ন অনুষ্ঠানসূচী পালন করা হবে। তিনি ১৯৭৫ সালের ঐদিন নিহত সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধাজ্ঞাপন করেন। তিনি বলেন, আগামী ১৫ আগস্ট ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী।গত ০১ লা আগস্ট হতে বিভিন্ন কর্মসূচী পালন করা হচ্ছে, ৫ ই আগস্ট জাতির পিতার জ্যেষ্ঠ পুত্র শেখ কামালের জন্মদিন, ০৮ আগস্ট বঙ্গমাতা ফজিলাতুননেছা মুজিবের জন্মবার্ষিকী পালিত হয়েছে।জাতীয় শোক দিবস উপলক্ষে তিনি জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচী পাঠ করে শোনান এবং প্রত্যেক ইউনিয়ন পরিষদকে উল্লেখিত কর্মসূচী যথাযথ মর্যাদায় পালনের অনুরোধ জানান।

আলোচনাকালে তিনি উপজেলা পর্যায়ের কর্মসূচী সম্পর্কে আলোচনা করেন।, সকাল ৯.৩০ মিনিটে উপজেলা পরিষদ প্রাঙ্গনে নির্মিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অতপর: আলোচনা সভা এরপর জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত কবিতা আবৃত্তি, গান, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ০৭ মার্চের ভাষণের প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় ঋণ বিতরণ, বৃক্ষরোপন, উপজেলা পরিষদ জামে মসজিদে মিলাদ ও প্রার্থনার আয়োজন করা হবে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি আয়োজন করতে হবে। শিশুদের দিবসটির তাৎপর্য জানাতে হবে।

সিদ্ধান্ত:- উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচীতে অংশগ্রহন করতে হবে এবং ইউনিয়ন পরিষদ (সকল), শিক্ষা প্রতিষ্ঠানে (সকল) দিবসটি উদযাপন করতে হবে। উপজেলার প্রত্যেক কর্মকর্তাকে আশেপাশের স্কুলগুলো পরিদর্শন করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

আলোচনা০২:-অগ্রগতি পর্যালোচনাঃ- আলোচনাকালে উপস্থিত প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব অফিসের অগ্রগতি পাঠ করে শুনান।

(ক) কৃষি বিভাগ:- আলোচনাকালে উপজেলা কৃষি অফিসার জানান উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমন মৌসুমের প্রনোদনা কৃষকদের হাতে পৌছে দেয়া হয়েছে। বন্যা পরিস্থিতি স্বাভাবিক আছে, সারের পর্যাপ্ত মজুদ আছে। আউশ ধানের ভালো ফলন হয়েছে, কর্তনের হার ৯%, আমন ধানের রোপনের অগ্রগতি ৫৪%। আগামীতে ২০০ জন কৃষককে ৫ কেজি হারে রোপা আমন ধানের বীজ প্রদান করা হবে।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, সিলেট সদর উপজেলা বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পুরণ হয়েছে, তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত: বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট।

(খ) প্রকৌশল বিভাগ:- (১) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, শোকের মাস আগস্টে বঙ্গবন্ধু ও তার পরিবারের নিহত সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন, তিনি আরো একটি শোক সংবাদ জানান, তাহার বড় ভাই (চাচাতো ভাই) করোনা ভাইরাস কোভিড-১৯ তে আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। তিনি তাহার আত্মার শান্তি কামনায় সকলের কাছে দোয়া কামনা করেন

আলোচনাকালে তিনি বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্পে কাজ চলতি মাসের মধ্যে শেষ করা হবে। ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ১ম কিস্তির ২৩ লক্ষ ২১ হাজার টাকার বরাদ্ধ পাওয়া গেছে। তিনি চলতি অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় দ্রুত প্রকল্প প্রস্তাবনা, পরিকল্পনা প্রস্তুতের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।

আলোচনাকালে তিনি আরোও জানান, স্থানীয় সরকার বিভাগ হতে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে জমি ও গৃহহীনদের জমি ও ঘর প্রদানের জন্য চিঠি দিয়েছিল, করোনা পরিস্থিতির কারণে কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। এখন স্থানীয় সরকার বিভাগ হতে অগ্রগতি জানতে চেয়ে আবার চিঠি দিয়েছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।

আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জানান, প্রথমে সিদ্ধান্ত ছিল যাদের জমি আছে ঘর নেই তাদের ঘর নির্মাণ করে দেওয়া হবে, সে অনুযায়ী তালিকা প্রস্তুত করা হয় । পরবর্তীতে বলা হয় যাদের জমি ও ঘর নেই তাদের ঘর নির্মাণ করে দিতে হবে । সিদ্ধান্ত পরিবর্তনের কারণে বিলম্ব হচ্ছে । তিনি আশ্রায়ণ প্রকল্পে আওতায় একই পরিবারের ৫ জনকে ঘর প্রদান করার তথ্য উপস্থাপন করেন যা এখন তদন্ত কার্যক্রম চলমান আছে বলে উপজেলা নির্বাহী অফিসার জানান। আলোচনা তিনি উপজেলা পরিষদের রাস্তার পাশে দোকান কোঠা নির্মাণের ধীর গতির জন্য অসন্তুষ প্রকাশ করেন ।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, সদ্য সমাপ্ত ২০২০-২১ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ভূমি ও গৃহহীনদের ভূমি ও ঘর প্রদানের জন্য রাজস্ব তহবিল হতে ০৫ টি গৃহ নির্মাণ করার নির্দেশনা দেয়া ছিল কিন্তু গৃহনির্মাণের উপযুক্ত জমি পাওয়া না যাওয়ায় সম্পন্ন করা সম্ভব হয়নি । এছাড়া ২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত কিছু প্রকল্প সময় সল্পতা, লকডাউন, পন্যের পর্যাপ্ত মজুদ না থাকার কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি । তিনি ২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ২,১৮,৪৬,১৫৩/-(দুই কোটি আঠারো লক্ষ ছেচল্লিশ হাজার একশত তিপ্পান্ন)টাকার প্রকল্প carried over প্রকল্প হিসেবে চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের প্রস্তাব করেন ।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার আরোও জানান, করোনায় আক্রান্ত হয়ে আমাদের পরিচিতদের অনেকে মৃত্যবরণ করছেন ।তিনি সবাইকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন । তিনি বলেন, করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় শুধু মাত্র মাস্ক ক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত বরাদ্ধ দিয়ে ৫৭০০ (পাঁচ হাজার সাত শত) মাস্ক ক্রয় করা হয়েছে । উপজেলা সকল দপ্তরে প্রদান করে জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে প্রত্যেকটি ইউনিয়নে বিতরণ করা হবে ।এছাড়া ইউনিয়ন পরিষদের অনুকূলে মাস্ক ক্রয়ের জন্য প্রাপ্ত বরাদ্ধ দিয়ে শুধু মাত্র মাস্ক ক্রয় করে বিতরণ করতে হবে ।

আলোচনাকালে উপজেলা প্রকৌশলী সিলেট সদর উপজেলা কৃষি অফিস সংস্কার মেরামত বাবদ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের অভ্যান্তরিন ড্রেইন নির্মাণ বাবদ-২,৮০,৭৭৩/-(দুই লক্ষ আশি হাজার সাত শত তিয়াত্তর) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন ।

সিদ্ধান্ত:- (১) উপজেলা প্রকৌশলীর বড় ভাইয়ের (চাচাতো ভাই) অকাল মৃত্যুতে উপজেলা পরিষদের পক্ষ থেকে শোক প্রস্তাব গৃহীত হয় ।

সিদ্ধান্ত :- (২) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্প গুলো কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্ত :-(৩) উপজেলা রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ভূমি ও গৃহহীনদের ভূমি ও ঘর প্রদানের জন্য রাজস্ব তহবিলে রক্ষিত বাজেট মোতাবেক দ্রুত কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্ত:-(৪)২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত যেসকল প্রকল্প এখনো বাস্তবায়ন করা সম্ভব হয়নি সেগুলো carried over প্রকল্প হিসেবে চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্ত:- (৫) ইউনিয়ন পর্যায়ে মাস্ক বিতরণ অব্যাহত রাখতে হবে ।

সিদ্ধান্ত-(৬) সভায়সর্বসম্মতিক্রমে সিলেট সদর উপজেলা কৃষি অফিস সংস্কার মেরামত বাবদ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের অভ্যান্তরিন ড্রেইন নির্মাণ বাবদ-২,৮০,৭৭৩/-(দুই লক্ষ আশি হাজার সাত শত তিয়াত্তর) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষনাবেক্ষন খাত হতে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।

(গ) **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** :-আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার শ্রদ্ধাভরে স্মরণ করে ১৫ ই আগস্ট-১৯৭৫ সালে নিহত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরিবারের সকল শহীদ সহ এপর্যন্ত যারা করোনায় আক্রান্ত হয়ে মৃত্যবরণ করেছেন । তিনি বলেন গত ০৭ ই আগস্ট সারাদেশের ন্যায় সিলেট সদর উপজেলায় গনটিকা কার্যক্রমের আওতায় ৪৭৯৮ জনকে ভ্যাকসিন প্রদান করা সম্ভব হয়েছে । তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি জানান প্রথমে প্রত্যেকটি ইউনিয়নে ১৮০০ জন করে টিকা প্রদানের সিদ্ধান্ত হয়েছিল । পরবর্তীতে এ সিদ্ধান্ত পরিবর্তন করে ৬০০ জন করে টিকা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি আরোও জানান, সারাদেশে উপজেলা পর্যায়ে টিকা প্রদানের লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে টিকা প্রদানের সেন্টার নির্ধারণ করা হয়েছে, তাই সুরক্ষা এপস্ এ করোনা টিকার নিবন্ধনের সময় সিলেট সদর উপজেলায় টিকা প্রদানের স্থান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্ধারণ করলে এম এ জি ওসমানী মেডিকেলে গেলে টিকা দিতে পারবে ।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার দ্রুতসময়ের মধ্যে গণটিকা কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন । গনটিকা কার্যক্রম বাস্তবায়নে যেসকল স্বাস্থ্যকর্মী কাজ করেছে তাদের আপ্যায়নের কোন ব্যবস্থা নেই । তিনি প্রতিটি ইউনিয়নে ১৫ জন স্বাস্থ্যকর্মীর আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ ভ্যাট আইটি সহ সর্বমোট ১৩,২৬০/- (তেরো হাজার দুইশত ষাট) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।

সিদ্ধান্ত: (ক) করোনার ভ্যাকসিন গ্রহনে জনগনকে উদ্ভুদ্ধ করতে হবে । (খ) সবাইকে লকডাউন ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে ।

(গ) প্রতিটি ইউনিয়নে ১৫ জন স্বাস্থ্যকর্মীর আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ ভ্যাট আইটি সহ সর্বমোট ১৩,২৬০/- (তেরো হাজার দুইশত ষাট) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।

আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জানান, প্রথমে সিদ্ধান্ত ছিল যাদের জমি আছে ঘর নেই তাদের ঘর নির্মাণ করে দেওয়া হবে, সে অনুযায়ী তালিকা প্রস্তুত করা হয়। পরবর্তীতে বলা হয় যাদের জমি ও ঘর নেই তাদের ঘর নির্মাণ করে দিতে হবে। সিদ্ধান্ত পরিবর্তনের কারণে বিলম্ব হচ্ছে। তিনি আশ্রায়ণ প্রকল্পে আওতায় একই পরিবারের ৫ জনকে ঘর প্রদান করার তথ্য উপস্থাপন করেন যা এখন তদন্ত কার্যক্রম চলমান আছে বলে উপজেলা নির্বাহী অফিসার জানান। আলোচনা তিনি উপজেলা পরিষদের রাস্তার পাশে দোকান কোঠা নির্মাণের ধীর গতির জন্য অসন্তুষ প্রকাশ করেন।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, সদ্য সমাপ্ত ২০২০-২১ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ভূমি ও গৃহহীনদের ভূমি ও ঘর প্রদানের জন্য রাজস্ব তহবিল হতে ০৫ টি গৃহ নির্মাণ করার নির্দেশনা দেয়া ছিল কিন্তু গৃহনির্মাণের উপযুক্ত জমি পাওয়া না যাওয়ায় সম্পন্ন করা সম্ভব হয়নি। এছাড়া ২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত কিছু প্রকল্প সময় সল্পতা, লকডাউন, পন্যের পর্যাপ্ত মজুদ না থাকার কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তিনি ২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ২,১৮,৪৬,১৫৩/-(দুই কোটি আঠারো লক্ষ ছেচল্লিশ হাজার একশত তিপ্পান্ন)টাকার প্রকল্প carried over প্রকল্প হিসেবে চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের প্রস্তাব করেন।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার আরোও জানান, করোনায় আক্রান্ত হয়ে আমাদের পরিচিতদের অনেকে মৃত্যবরণ করছেন।তিনি সবাইকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় শুধু মাত্র মাস্ক ক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত বরাদ্দ দিয়ে ৫৭০০ (পাঁচ হাজার সাত শত) মাস্ক ক্রয় করা হয়েছে। উপজেলা সকল দপ্তরে প্রদান করে জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে প্রত্যেকটি ইউনিয়নে বিতরণ করা হবে।এছাড়া ইউনিয়ন পরিষদের অনুকূলে মাস্ক ক্রয়ের জন্য প্রাপ্ত বরাদ্দ দিয়ে শুধু মাত্র মাস্ক ক্রয় করে বিতরণ করতে হবে।

আলোচনাকালে উপজেলা প্রকৌশলী সিলেট সদর উপজেলা কৃষি অফিস সংস্কার মেরামত বাবদ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের অভ্যান্তরিন ড্রেইন নির্মাণ বাবদ-২,৮০,৭৭৩/-(দুই লক্ষ আশি হাজার সাত শত তিয়াত্তর) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ- (১) উপজেলা প্রকৌশলীর বড় ভাইয়ের (চাচাতো ভাই) অকাল মৃত্যুতে উপজেলা পরিষদের পক্ষ থেকে শোক প্রস্তাব গৃহীত হয়।

সিদ্ধান্ত :- (২) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্প গুলো কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :-(৩) উপজেলা রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ভূমি ও গৃহহীনদের ভূমি ও ঘর প্রদানের জন্য রাজস্ব তহবিলে রক্ষিত বাজেট মোতাবেক দ্রুত কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-(৪)২০২০-২১ অর্থবছরে উন্নয়ন তহবিলে আওতায় গত ২৩ তম ও ২৬ তম মাসিক সাধারণ সভায় গৃহীত যেসকল প্রকল্প এখনো বাস্তবায়ন করা সম্ভব হয়নি সেগুলো carried over প্রকল্প হিসেবে চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ- (৫) ইউনিয়ন পর্যায়ে মাস্ক বিতরণ অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত-(৬) সভায়সর্বসম্মতিক্রমে সিলেট সদর উপজেলা কৃষি অফিস সংস্কার মেরামত বাবদ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদের অভ্যান্তরিন ড্রেইন নির্মাণ বাবদ-২,৮০,৭৭৩/-(দুই লক্ষ আশি হাজার সাত শত তিয়াত্তর) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষনাবেক্ষন খাত হতে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

(গ) **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** :-আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার শ্রদ্ধাভরে স্মরণ করে ১৫ ই আগস্ট-১৯৭৫ সালে নিহত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরিবারের সকল শহীদ সহ এপর্যন্ত যারা করোনায় আক্রান্ত হয়ে মৃত্যবরণ করেছেন। তিনি বলেন গত ০৭ ই আগস্ট সারাদেশের ন্যায় সিলেট সদর উপজেলায় গনটিকা কার্যক্রমের আওতায় ৪৭৯৮ জনকে ভ্যাকসিন প্রদান করা সম্ভব হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান প্রথমে প্রত্যেকটি ইউনিয়নে ১৮০০ জন করে টিকা প্রদানের সিদ্ধান্ত হয়েছিল। পরবর্তীতে এ সিদ্ধান্ত পরিবর্তন করে ৬০০ জন করে টিকা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি আরোও জানান, সারাদেশে উপজেলা পর্যায়ে টিকা প্রদানের লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে টিকা প্রদানের সেন্টার নির্ধারণ করা হয়েছে, তাই সুরক্ষা এপস্ এ করোনা টিকার নিবন্ধনের সময় সিলেট সদর উপজেলায় টিকা প্রদানের স্থান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্ধারণ করলে এম এ জি ওসমানী মেডিকেলে গেলে টিকা দিতে পারবে।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার দ্রুতসময়ের মধ্যে গণটিকা কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। গনটিকা কার্যক্রম বাস্তবায়নে যেসকল স্বাস্থ্যকর্মী কাজ করেছে তাদের আপ্যায়নের কোন ব্যবস্থা নেই। তিনি প্রতিটি ইউনিয়নে ১৫ জন স্বাস্থ্যকর্মীর আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ ভ্যাট আইটি সহ সর্বমোট ১৩,২৬০/- (তেরো হাজার দুইশত ষাঁট) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: (ক) করোনার ভ্যাকসিন গ্রহনে জনগনকে উদ্বুদ্ধ করতে হবে। (খ) সবাইকে লকডাউন ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

(গ) প্রতিটি ইউনিয়নে ১৫ জন স্বাস্থ্যকর্মীর আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ আপ্যায়ন বাবদ ভ্যাট আইটি সহ সর্বমোট ১৩,২৬০/- (তেরো হাজার দুইশত ষাঁট) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

আলোচনা-০৭: বিবিধ-০১:- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জানান , তাহার ব্যবহৃত অফিসিয়াল ল্যাপটপটি নষ্ট হয়ে গেছে । তিনি উপজেলা রাজস্ব তহবিলে আওতায় নতুন ল্যাপটপ ক্রয়ের প্রস্তাব করেন ।

সিদ্ধান্ত:- উপজেলা রাজস্ব তহবিলে আওতায় নতুন ল্যাপটপ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।

বিবিধ-০২:- : আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) পদে কর্মরত জনাব সিরাজ মিয়া শারীরিকভাবে অসুস্থ হওয়ায় তার স্থলে জনাব রাজীব আহমদ, পিতার নাম-লাল মিয়া, মাতার নাম-রুকিয়া বেগম, ঠিকানা- গ্রাম-বুগইলকান্দি, ডাকঘর-মাতুরতল বাজার, উপজেলা-গোয়াইনঘাট, জেলা-সিলেট নামে একজনের লিখিত আবেদন পাওয়া গেছে । তিনি জনাব রাজীব আহমদ কে মাস্টাররোলে দৈনিক ভিত্তিতে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) পদে নিয়োগ প্রদানের প্রস্তাব করেন ।

সিদ্ধান্ত:- সভায় সর্বসম্মতিক্রমে জনাব রাজীব আহমদ, পিতার নাম-লাল মিয়া, মাতার নাম-রুকিয়া বেগম, ঠিকানা- গ্রাম-বুগইলকান্দি, ডাকঘর-মাতুরতল বাজার, উপজেলা-গোয়াইনঘাট, জেলা-সিলেট কে মাস্টাররোলে দৈনিক ভিত্তিতে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) পদে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে:- চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।

বিবিধ-০৩-এছাড়া মৎস্য বিভাগ, সমাজসেবা বিভাগ, প্রানী সম্পদ বিভাগ সহ অন্যান্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।

সিদ্ধান্ত-বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।

অতপর সভার আলোচ্যসূচীতে অন্য কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৮/২০২১

(আ... আহমদ)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৩৮ (৫০)

তারিখ: ২৫/ ০৮/ ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। জেলা প্রশাসক, সিলেট ।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ----------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,-------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৯। জনাব/বেগম,----------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

২৫/০৮/২০২১

(কাজী মহুয়া মমতাজ)
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |

উক্ত মাসিক সভা অনুষ্ঠানিক হওয়ায় উপস্থিত সদস্যরা স্বাক্ষর প্রদান করেন নাই ,